



বরিশাল পলিটেকনিক শিক্ষকদের মানববন্ধন

পলিটেকনিক শিক্ষকদের ৬ দফা দাবিতে মানববন্ধন

মদেশ ডেস্ক

কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসাবে আট দফা দাবি আদায়ের লক্ষ্যে রোববার সিলেট, রংপুর, বগুড়া ও বরিশাল পলিটেকনিক ইন্সটিটিউটের শিক্ষক-শিক্ষার্থীরা মানববন্ধন কর্মসূচি পালন করেছেন। অফিস, স্টাফ রিপোর্টার ও প্রতিনিধির পাঠানো ববর :

বরিশাল : বরিশালের পলিটেকনিক ইন্সটিটিউটের শিক্ষক-শিক্ষার্থীরা নগরীতে মানববন্ধন করেছে। স্থানীয় বটতলা মোড় থেকে পুলিশ লাইন পর্যন্ত প্রায় ১ কিলোমিটার সড়কে মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধন কর্মসূচি থেকে শিক্ষক-ছাত্ররা তাদের ৬ দফা দাবি অবিলম্বে মেনে নেয়ার দাবি জানায়। বক্তারা বলেন, একই দাবিতে আগামী ২৮ জানুয়ারি সারাদেশে ২ ঘণ্টার কর্মবিরতি পালন করা হবে।

সিলেট : সিলেট পলিটেকনিক ইন্সটিটিউটের শিক্ষকরা ইন্সটিটিউটের সামনে মানববন্ধন কর্মসূচি পালন করেছেন। কাজী কামরুল ইসলাম সভাপতিত্বে এতে বক্তব্য রাখেন- আব্দুর রউফ, মো মাহবুবুর রহমান চৌধুরী, মো. আব্দুল হামিদ, বশির আহমদ, সুনীল চন্দ্র চৌধুরী, উজ্জ্বল দাস ওপ্ত,

ডি কে এইচ জামান, নিজাম উদ্দিন ভূইয়া, গোলাম কিবরিয়া, মো. সোলায়মান, মো. সামসুল আলম, মো. হুমদার আলী, একিউএ জোবায়ের, আবুল হাশেম, মো. ইকবাল চৌধুরী, রমেন্দ্র কুমার দাস, মো. আনোয়ার হোসেন।

রংপুর : বাংলাদেশ পলিটেকনিক শিক্ষক সমিতি ও পলিটেকনিক শিক্ষক পরিষদ জেলা শাখা প্রেসক্লাবের সামনে মানববন্ধন করেছে। এ সময় বক্তব্য রাখেন, পলিটেকনিক শিক্ষক সমিতির রংপুর জেলা সভাপতি শফিকুল ইসলাম, রংপুর শিক্ষক পরিষদের সভাপতি রাশেদুল আমীন, আবু রায়হান, ইন্দ্রজিত কুমার নাহার প্রমুখ।

বগুড়া : জেলার পলিটেকনিক ইন্সটিটিউটের শিক্ষকরা শহরের কেন্দ্রস্থল সাতমাথায় মানববন্ধন করেছে। এসময় বক্তব্য রাখেন পলিটেকনিক শিক্ষক সমিতি বগুড়া শাখার সভাপতি প্রকৌশলী মো. আব্দুল জব্বার, সাধারণ সম্পাদক নূরউদ্দিন মুহাম্মদ আলমগীর, শিক্ষক পরিষদ বগুড়ার সভাপতি নূরুজ্জামান, সাধারণ সম্পাদক সাজু মুহাম্মদ শাহজাহান প্রমুখ।

-যাযায়দিন